গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**'১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর)' উদযাপন উপলক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ এবং অংশীজনদের উপস্থিতিতে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মমতাজ আহমেদ এনডিসি<br>সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১০ নভেম্বর ২০২৫ খ্রি. সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, প্রতি বছরের ন্যায় এবারো ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ পালিত হবে। সে প্রেক্ষাপটে সকল মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা, বেসরকারি সংস্থা, ডেভেলপমেন্ট পার্টনার, সিভিল সোসাইটি, স্যোসাল ওয়ার্কার, যুব ও নারী ফোরাম ও সমাজের সকল শ্রেণি পেশার মানুষকে সম্পৃক্ত করে '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উদযাপন করার উদ্যোগ গ্রহন করার নির্দেশনা প্রদান করেন। এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (নাশিনিপ্র) ড. প্রকাশ কান্তি চৌধুরী এ বছরের জাতীয় থিম নির্ধারণ এবং '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উদযাপনের নিমিত্ত প্রস্তাবিত কর্মসূচি সম্পর্কে বিস্তারিত সভায় উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনা হতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | কমিটি গঠন ও কার্যপরিধি নির্ধারণ | '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উদযাপন উপলক্ষে সুনির্দিষ্ট কর্মসূচি প্রণয়নের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হলো:<br>১. অতিরিক্ত সচিব (কার্যক্রম), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : আহবায়ক<br>২. যুগ্মসচিব (নাশিনিপ্র), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য<br>৩. যুগ্মসচিব (কার্যক্রম), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য<br>৪. যুগ্মসচিব (প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য<br>৫. যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য<br>৩. প্রতিনিধি ইউএনউইমেন : সদস্য<br>৪. প্রতিনিধি, ইউএনডিপি : সদস্য<br>৫. প্রতিনিধি, ইউএনএফপিএ : সদস্য<br>৬. প্রতিনিধি, বিশ্বব্যাংক : সদস্য<br>৭. প্রতিনিধি, আইএলও : সদস্য<br>৮. প্রতিনিধি, বি-স্ক্যান : সদস্য<br>৯. প্রতিনিধি, বিএনএসকে : সদস্য<br>১০. প্রতিনিধি, ব্র্যাক : সদস্য<br>১১. প্রতিনিধি, গিজ : সদস্য<br>১১. প্রতিনিধি, প্রগ্রসর : সদস্য<br>১২. প্রতিনিধি,বাংলাদেশ মহিলা পরিষদ : সদস্য<br>১৩. প্রতিনিধি,উই ক্যান : সদস্য<br>১৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য<br>১২. উপসচিব (নাশিনিপ্র), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় : সদস্য সচিব | মশিবিম/সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ আওতাধীন দপ্তর/সংস্থা এবং সংশ্লিষ্ট কমিটি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | কমিটির কার্যপরিধি:<br>**(ক)** কমিটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ে '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উদযাপন উপলক্ষ্যে কী কী কার্যক্রম গ্রহণ করা হবে সে বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে সুনির্দিষ্ট মতামত/কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন।<br>**(খ)** কমিটি প্রয়োজনে যেকোনো সদস্যকে কো-অপট করতে পারবে। | |
| ২. | কর্মসূচি পালন | **(ক)** কমিটি কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা যাচাই বাছাইপূর্বক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা, উন্নয়ন সহোযোগী সংস্থা, প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা, বেসরকারি সংস্থা '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর)' যথাযোগ্য মর্যাদায় উদযাপন করবে। স্ব-স্ব অধীনস্থ দপ্তর/সংস্থাকে যথাযোগ্যভাবে বর্ণিত পক্ষ উদযাপনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পত্র প্রেরণ করবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার মাধ্যমে চলমান বিভিন্ন প্রকল্প/কর্মসূচি থেকে '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উপলক্ষে বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার সাথে আলোচনাক্রমে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>**(খ)** সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা, এনজিও, উন্নয়ন সহোযোগী সংস্থা '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উপলক্ষে যে সমস্ত কর্মসূচি/কার্যক্রম গ্রহণ করবে তা লিখিতভাবে আগামী ১৩ নভেম্বর ২০২৫ তারিখ বৃহস্পতিবারের মধ্যে ইমেইলে (**dscell_jms@mowca.gov.bd**) প্রেরণ করতে হবে। | মশিবিম/সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ আওতাধীন দপ্তর/সংস্থা |
| ৩. | মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ | '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও মাঠ প্রশাসনে যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ৪. | কর্মসূচি বাস্তবায়ন | সংশ্লিষ্ট বেসরকারি সংস্থা, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান/ডেভেলপমেন্ট পার্টনার ও অন্যান্য সামাজিক সংগঠন ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষের উপজীব্যের উপর ভিত্তি করে মন্ত্রণালয়/বিভাগের সাথে সমন্বয়পূর্বক স্ব-স্ব কর্মসূচি গ্রহণপূর্বক বাস্তবায়ন করবে এবং ১ নং ক্রমিকে বর্ণিত কমিটিকে অবহিত করবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান |
| ৫. | প্রচার-প্রচারণা | '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থা এবং প্রকল্প/কর্মসূচিসমূহ নারী ও কন্যার উন্নয়ন সাধন ও ডিজিটাল সহিংসতা প্রতিরোধে ব্যবস্থাপনা, কার্যক্রম এবং সেবার তালিকা প্রণয়নপূর্বক প্রান্তিক পর্যায়ে প্রচার-প্রচারণার উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থা |
| ৬. | ডকুমেন্টেশন | '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' এর সার্বিক কার্যক্রম ডকুমেন্টেশনপূর্বক সংরক্ষণ করতে হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থা |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় আগত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১১/২০২৫

মমতাজ আহমেদ এনডিসি
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়